প্রথম আলো

তারিখ ...25 SEP 2016...
পৃষ্ঠা ...৭... কলাম ...2...

শিশু-কিশোর বিজ্ঞান কংগ্রেস ২০১৬

# পুরস্কার পেল ৫০ শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক ●

উদ্ভাবনী প্রকল্প, গবেষণাপত্র ও পোস্টার উপস্থাপনের জন্য ৫০ জন স্কুল-কলেজে পড়ুয়া শিক্ষার্থী পেল 'বিএএফ-এসপিএসবি শিশু-কিশোর বিজ্ঞান কংগ্রেস ২০১৬' অ্যাওয়ার্ড। গতকাল শনিবার দুপুর ১২টায় রাজধানীর ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে (ইউএপি) বিজ্ঞান কংগ্রেসের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই অ্যাওয়ার্ড দেওয়া হয়।

বাংলাদেশ বিজ্ঞান জনপ্রিয়করণ সমিতি (এসপিএসবি) ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের (বিএএফ) যৌথ উদ্যোগে গত শুক্রবার এই বিজ্ঞান কংগ্রেসের আয়োজন করা হয়। দুই দিনব্যাপী এবারের কংগ্রেসের স্লোগান ছিল 'বিজ্ঞানে চাই মাপজোখ'।

নটর ডেম কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী ইশতিয়াক হোসেন পেয়েছে সেরা গবেষণাপত্রের অ্যাওয়ার্ড 'পেপার অব কংগ্রেস'। তাঁর প্রকল্পের বিষয়বস্তু ছিল 'এমপেমবা ইফেক্ট', যেখানে সে দেখিয়েছে একই পরিমাণ গরম ও ঠান্ডা পানি রেফ্রিজারেটরে রাখা হলে গরম পানিটি আগে ঠান্ডা হবে।

গত চারটি বিজ্ঞান কংগ্রেসে অংশ নেওয়া ইশতিয়াক *প্রথম আলো*কে বলেন, 'বই পড়ার বাইরেও যে বিজ্ঞানের জগৎ কত মজার, তা বিজ্ঞান কংগ্রেসে এলে বোঝা যায়।' সেরা পোস্টারের পুরস্কার পেয়েছে দিনাজপুর সরকারি কলেজের সামিন ইয়াসার ও হিল্লোল রায়। আর সেরা উদ্ভাবনী প্রকল্পের পুরস্কার পেয়েছে বরগুনার আমতলী একে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মো. আতিয়াব জোবায়ের।

পোস্টারের জন্য প্রাইমারি ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছে সানবিমস স্কুলের আরিশা চৌধুরী। আরিশার পোস্টারটির বিষয়বস্তু ছিল 'টেস্ট অব টাং'। জিহ্বার যে যে অংশ মিষ্টি, টক, ঝাল, তিতা ইত্যাকার স্বাদ পায়, সেটা চিহ্নিত করে পোস্টারে উপস্থাপন করেছে সে। পুরস্কার পেয়ে আরিশা খুব খুশি বলে জানায়।

রিয়াজুল জান্নাত ও সাদিয়া সুলতানা সিনিয়র ক্যাটাগরিতে পোস্টার তৈরির জন্য পুরস্কার পেয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টায় সমাপনী অনুষ্ঠান শুরু হয়। পুরস্কার বিতরণের আগে লেখক মুহম্মদ জাফর ইকবাল শিশু-কিশোরদের বিজ্ঞানভিত্তিক মজার মজার প্রশ্নের উত্তর দেন।

উদ্ভাবনী প্রকল্প, গবেষণাপত্র ও পোস্টার উপস্থাপন—এই তিন শাখায় প্রায় ২৫০টি প্রকল্প নিয়ে ৪৫০ জন শিক্ষার্থী অংশ নেয় বিজ্ঞান কংগ্রেসে। এগুলোর মধ্যে উদ্ভাবনী প্রকল্প ৯৫টি।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক খন্দকার সিদ্দিক-ই-রাব্বানী, অধ্যাপক জেবা ইসলাম সিরাজ, অধ্যাপক আরশাদ চৌধুরী, *প্রথম আলোর* সহযোগী সম্পাদক আব্দুল কাইয়ুম, প্রথম আলো যুব কর্মসূচির সমন্বয়ক মুনির হাসান, বিএএফের নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।